


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-৬
ভূমি ভবন, ৯৮, শহীদ তাজউদ্দীন আহমদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lrb.gov.bd



স্মারক নং ৩১.০২.০০০০.০১৬.০২.০০১.২১.২৪০

তারিখ : ১৭ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : ভূমি সংস্কার বোর্ড কর্তৃক আয়োজিত ভূমি ব্যবস্থাপনা অটোমেশন বিষয়ক কর্মশালার নির্দেশনাসমূহ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গত ১৯/০৮/২০২১ ও ২৩/০৮/২০২১ তারিখে ভূমি সংস্কার বোর্ড কর্তৃক আয়োজিত ভূমি ব্যবস্থাপনা অটোমেশন বিষয়ক কর্মশালার ফিডব্যাকের আলোকে জনাব মোঃ মোস্তাফিজুর রহমান পিএএ, সচিব, ভূমি মন্ত্রণালয় মহোদয়ের নির্দেশনাসমূহ নিম্নরূপঃ

১. ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যারে হোল্ডিং এর ডাটা এন্ট্রির ক্ষেত্রে কোনো হোল্ডিং এর একই খতিয়ানে ২৫ বিঘার উর্ধ্বে ও নিম্নে ভিন্ন ভিন্ন ভূমি মালিক থাকলে, ভূমি মালিকদের নামে আলাদা হোল্ডিং খুলতে হবে।
২. আপাতত মৃত ব্যক্তির হোল্ডিং এর ক্ষেত্রে তাঁর উত্তরাধিকারগণ মৃত ব্যক্তির নামে অনলাইনে হোল্ডিং খুলে ভূমি উন্নয়ন কর প্রদান করবেন।
৩. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ও সহকারী কমিশনার (ভূমি) গণ তাদের সকল ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ও ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তাগণকে এই প্রশিক্ষণ লব্ধ বিষয়গুলো নিয়ে অতি সত্বর প্রশিক্ষণ প্রদান করবেন।
৪. ৮ সেপ্টেম্বর ২০২১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যারটির উদ্বোধন করবেন মর্মে সদয় সম্মতি দিয়েছেন। তাই এর আগে অধিক সংখ্যক হোল্ডিং এর ডাটা এন্ট্রি করার জন্য, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার আইডিতে হোল্ডিং এর অপেক্ষমান তালিকার হোল্ডিংসমূহ অনুমোদনের মাধ্যমে দ্রুত নিষ্পত্তি করার জন্য এবং প্রচার-প্রচারণা বৃদ্ধিসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৫. হোল্ডিং এর ডাটা এন্ট্রির ক্ষেত্রে সঠিক ও নির্ভুল তথ্য এন্ট্রি দেয়া নিশ্চিত করতে হবে।
৬. মানব সম্পদ ব্যবস্থাপনা সফটওয়্যার এ ভূমি রাজস্ব প্রশাসনের সকল কর্মকর্তা-কর্মচারীদের রেজিস্ট্রেশন এর মাধ্যমে প্রোফাইল তৈরি সম্পন্ন করতে হবে।
৭. মাঠ প্রশাসনের কর্মকর্তাগণ ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার, সাইরাতমহাল ও অধিগ্রহণ এর ডাটাবেজ এ ডাটা এন্ট্রি এবং মানব সম্পদ ব্যবস্থাপনা সফটওয়্যারের বিষয়ে পর্যবেক্ষণ, পর্যালোচনা, মতামত, সুপারিশ ও সমস্যাসমূহ চিহ্নিতপূর্বক ফিডব্যাক চিঠির মাধ্যমে ভূমি মন্ত্রণালয় ও ভূমি সংস্কার বোর্ডে প্রেরণ করবেন।
৮. যেহেতু মাননীয় প্রধানমন্ত্রী নবনির্মিত ভূমি ভবন, উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিসসমূহ একযোগে উদ্বোধন করবেন, তাই ইতোমধ্যে নব নির্মিত যে সকল ইউনিয়ন ও উপজেলা ভূমি অফিস উদ্বোধন হয়ে গেছে, সে সকল অফিসের উদ্বোধন নামফলক পরিবর্তন করে মাননীয় প্রধানমন্ত্রী উদ্বোধন করেছেন মর্মে নামফলক প্রতিস্থাপন করতে হবে।

অতএব, উক্ত নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জেলা প্রশাসক
.....(সকল)

০১.৯.২১
(জিনিয়া জিন্নাত)
সহকারী ভূমি সংস্কার কমিশনার-৬
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
ফোন-৮১৭০১৫৭
ই-মেইল alrc6@lrb.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- (১) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (২) সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
- (৩) বিভাগীয় কমিশনার,(সকল)
- (৪) প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (৫) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব),(সকল)

- (৬) জেলা প্রশাসক.....(সকল)
- (৭) মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের অবগতির জন্য)
- (৮) সেল প্রধান (উপসচিব), ভূমিসেবা ডিজিটাইজেশন মনিটরিং সেল, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
- (৯) উপ-ভূমি সংস্কার কমিশনার-১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
- (১০) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার,(সকল) (বিষয়টি নিশ্চিতকরণার্থে তদারকি করার অনুরোধসহ)
- (১১) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),(সকল)
- (১২) সহকারী ভূমি সংস্কার কমিশনার-১/২/৩/৪/৫/৬, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
- (১৩) চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য)
- (১৪) সহকারী কমিশনার (ভূমি),.....(সকল)
- (১৫) সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- (১৬) ব্যবস্থাপনা পরিচালক, মাইসফট হ্যাভেন (বিডি) লি., ঢাকা
- (১৭) ব্যবস্থাপনা পরিচালক, অলিভিন লিমিটেড, ঢাকা
- (১৮) অফিস কপি

